

যায়যায়দিন

১৯৮৪ থেকে

২৩ ফেব্রুয়ারি ২০২৫ রোববার



নর্থ সাউথ ইউনিভার্সিটি

নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ পালন করেছে। ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে কেন্দ্রীয় শহীদ মিনার এবং এনএসইউ ক্যাম্পাসের শহীদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। দিবসের কর্মসূচি শুরু হয় এনএসইউ ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার মাধ্যমে। পরে এনএসইউর কর্মকর্তাবৃন্দ, শিক্ষকগণ, শিক্ষার্থীরা, প্রশাসনিক প্রধান এবং কর্মচারীবৃন্দ কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। এনএসইউর নিজস্ব শহীদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণ করেন এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান জনাব আজিম উদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খান। এ সময় এনএসইউর চারটি স্কুলের ডিন এবং বিভিন্ন বিভাগের চেয়ারম্যানগণও উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ভাষা শহীদদের অসামান্য আত্মত্যাগ এবং বাংলাদেশের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে গভীরভাবে স্মরণ করা হয়। পাশাপাশি, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে এনএসইউর অঙ্গীকার পুনর্ব্যক্ত করা হয়। বিজ্ঞপ্তি

